

পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষা বোর্ডের সামনে এইচএসসি পরীক্ষার্থীদের বিক্ষোভ

রাজশাহী ব্যৱো



ছবি : কালের কঠ

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী

শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ করেছেন

পরীক্ষার্থীরা। তাদের দাবি, দেশে

করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পেয়েছে।

মঙ্গলবার (১৭ জুন) দুপুর ১২টা থেকে দুপুর ২টা

পর্যন্ত শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডের প্রধান ফটকে

অবস্থান নিয়ে বিক্ষোভ করেন।

শিক্ষার্থীরা প্রায় আধাঘণ্টা রাজশাহী শিক্ষা বোর্ডের

সামনের সড়ক অবরোধ করে রাখেন।

ফলে সড়কটি দিয়ে যান চলাচল সাময়িকভাবে
বন্ধ হয়ে পড়ে। তবে অ্যাম্বুল্যান্স ও অন্যান্য জরুরি
সেবার গাড়িগুলো চলাচলের অনুমতি দেন
শিক্ষার্থীরা।

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, করোনা
সংক্রমণ আবারও উর্ধ্বমুখী। অনেক শিক্ষার্থী ও
তাদের পরিবারের সদস্য ইতোমধ্যে আক্রান্ত
হয়েছেন।

এই পরিস্থিতিতে তারা প্রস্তুতি নিতে পারছেন না।
এখন পরীক্ষা নেওয়া হলে শিক্ষার্থীদের শারীরিক
ও মানসিক স্বাস্থ্য ভুক্তির মুখে পড়বেন। করোনার
পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত পরীক্ষা স্থগিত
রেখে একটি যৌক্তিক সময়সূচি চূড়ান্ত করার
আহ্বান জানান তারা।

আন্দোলন চলাকালে পুলিশ ও পুলিশের
বিশেষায়িত ইউনিট সিআরআটি পরিস্থিতি নিয়ন্ত্রণে
রাখে।

পরে শিক্ষার্থীদের ৬ সদস্যের একটি প্রতিনিধিদল
রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে প্রায়
আধা ঘণ্টাব্যাপী মতবিনিময় করেন।

মতবিনিময়কালে শিক্ষার্থীদের আশ্বস্ত করে বলা
হয়, বিষয়টি গুরুত্বসহকারে শিক্ষা মন্ত্রণালয়ে
জানানো হবে। এছাড়া আগামী ১৯ জুন একটি
গুরুত্বপূর্ণ সভা আছে। সেই সভায় শিক্ষার্থীদের
দাবির বিষয়টি উত্থাপন করা হবে। এ আশ্বাস
পেয়ে শিক্ষার্থীরা কর্মসূচি শেষ করেন।

তবে শিক্ষার্থীরা বলেছেন, ১৯ জুন তাদের দাবির
ব্যাপারে সিদ্ধান্ত না হলে তারা আন্দোলনে যাবেন।

এ বিষয়ে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আ ন ম
মোফাখখারুল ইসলাম বলেন, ‘এই মুহূর্তে
করোনা পরিস্থিতি পরীক্ষা বন্ধ করে দেওয়ার মতো
অবস্থায় সৃষ্টি হয়নি। তার পরও বিভিন্ন বোর্ডেই
শিক্ষার্থীরা এ দাবি নিয়ে যাচ্ছে।’

তিনি বলেন, ‘পরীক্ষার তারিখ তো কোনো শিক্ষা
বোর্ড দেয় না। আমরা শিক্ষার্থীদের বলেছি,
পরিস্থিতি যদি সে রকম হয় সরকার নিশ্চয় সেটা
বিবেচনা করবে। এ ছাড়া তো আমাদের কিছু
বলার নেই।’

